

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৪৭.২০১৪-১৭৩

তারিখঃ ১৫.১১.২০১৫ ইং।

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ শাহ মঈন উদ্দিন চৌধুরী (১২১৯৭৭), মেডিকেল অফিসার, পটিয়া চট্টগ্রাম এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধির আওতায় 'অসদাচরণ'ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, আপনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লেখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারী "চাকুরী হতে বরখাস্ত" (Dismissal from service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

এক্সপ্ত, সেহেতু কেন আপনাকে উক্ত বিধিমালার ৪ (৩) (ডি) বিধি মোতাবেক সরকারী "চাকুরী হতে বরখাস্ত" (Dismissal from service) করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭ (৬) বিধি মোতাবেক চিঠি প্রাপ্তির ০৭ (সাত)টি কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হলো।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(বিমান কুমার সাহা এনএডিসি)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক,
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০৪৭.২০১৪-১৭৩/১(৮)

তারিখঃ ১৫.১১.২০১৫ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশ অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। সিভিল সার্জন, চট্টগ্রাম।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পটিয়া চট্টগ্রাম।
- ৬। ডাঃ শাহ মঈন উদ্দিন চৌধুরী (১২১৯৭৭), মেডিকেল অফিসার, পটিয়া চট্টগ্রাম।
স্থায়ী ঠিকানা-চাঁদগাজী চৌধুরী বাড়ী, গ্রাম-আলীপুর, পোঃ- হাটহাজারী, জেলা-চট্টগ্রাম।

(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০১৫.২০১৫- ২৭০

তারিখঃ ২৫.১১.২০১৫ ইং।

অভিযোগনামা


বিষয়ঃ ডাঃ মোঃ ইসরাত ফয়সাল (১১১৬৫৫), জুনিয়র কনসালটেন্ট (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাড়াইল কিশোরগঞ্জ এর বিরুদ্ধে অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে বিভাগীয় মামলা প্রসংগে।

যেহেতু, আপনি ডাঃ মোঃ ইসরাত ফয়সাল (১১১৬৫৫), জুনিয়র কনসালটেন্ট (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাড়াইল কিশোরগঞ্জ গত-০১-০৮-২০১৩ ইং তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপ সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি হিসেবে গণ্য;

এক্ষনে, সেহেতু আপনাকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগে কেন আপনাকে সরকারী চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত অন্য কোন দন্ড প্রদান করা হবে না, এ নোটিশ প্রাপ্তির ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

সংযুক্তঃ অভিযোগ বিবরণী।


(বিমান কুমার সাহা এনজিসি)
অতিরিক্ত সচিব


ডাঃ মোঃ ইসরাত ফয়সাল (১১১৬৫৫),
জুনিয়র কনসালটেন্ট (সার্জারী),
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাড়াইল কিশোরগঞ্জ।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০১৫.২০১৫- ২৭০/১(৭)

তারিখঃ ২৫.১১.২০১৫ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ


- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাড়াইল কিশোরগঞ্জ।
- ৬। ডাঃ মোঃ ইসরাত ফয়সাল (১১১৬৫৫), জুনিয়র কনসালটেন্ট (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাড়াইল কিশোরগঞ্জ।


(মেঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব

অভিযোগ বিবরণী

ডাঃ মোঃ ইসরাত ফয়সাল (১১১৬৫৫), জুনিয়র কনসালটেন্ট (সার্জারী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাড়াইল কিশোরগঞ্জ
গত-০১-০৮-২০১৩ ইং তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর এরূপ কার্যকলাপ
অসদাচরণ ও বিনামূলিতে কর্মস্থলে অনুপস্থিতি হিসেবে গণ্য।

এমতাবস্থায় তিনি উপরোক্ত কার্যকলাপ দ্বারা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক
অসদাচরণ এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(বিমান কুমার সাহা এনজিনিয়ার)
অতিরিক্ত সচিব